



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২০৫.৯০.০০১.১৮.২৫

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৫

১১ ডিসেম্বর ২০১৮

বিষয়: মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন।

সূত্র: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.২৩.০০২.১৫-১৯৪৫ তারিখঃ ০৯/১২/২০১৮ খ্রি।

মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৪/১২/২০১৮ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১১-১২-২০১৮

মোহাম্মদ রফিকুল ইসলাম  
উপপরিচালক

বিতরণ :

- ১) প্রকল্প পরিচালক (ইরেসপো/উদকনিক/পদাবিক/পল্লী জীবিকায়ন/পল্লী প্রগতি/পিআরডিপি-৩/গাইবান্ধা প্রকল্প), বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩) উপপরিচালক (সকল), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) উপপরিচালক, বিআরডিবি, জেলাদপ্তর, (সকল)।
- ৫) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (সংযুক্ত-ক সহ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) সহকারী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৮) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, (সকল)।
- ৯) বিআরডিবি'র সকল কর্মচারীগণ।
- ১০) একান্ত সহকারী, পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/ সরেজমিন/ পরিকল্পনা/ প্রশিক্ষণ), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

১১-১২-২০১৮

মো: রুহুল আমিন  
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
প্রশাসন শাখা-১  
www.rdcdd.gov.bd

২৫ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.২৩.০০২.১৫-১৯৪৫

তারিখঃ -----

০৯ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানদের সমন্বয়ে মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানদের সমন্বয়ে মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে এক সভা গত ০৪/১২/২০১৮ তারিখে এ বিভাগের সচিব জনাব মো: কামাল উদ্দিন তালুকদার মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) ফর্দ।

  
(সৈয়দ করিম হোসেন)  
উপসচিব

ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬

(e-mail: admin1.section@rdcd.bd.gov)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বোর্ড), কুমিল্লা।
- ০৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
- ০৫। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা/ প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিডিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
- ০৭। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ০৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
- ০৯। ভারপ্রাপ্ত মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া।
- ১০। ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। নির্বাহী সচিব, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরি: ও উন্নয়ন/প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ বিভাগ।
- ০৫। উপসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ বিভাগ।
- ০৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
প্রশাসন শাখা-১  
[www.rdc.gov.bd](http://www.rdc.gov.bd)

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানদের সমন্বয়ে মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মো: কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।  
সভার তারিখ ও সময়ঃ ০৪-১২-২০১৮ খ্রিঃ, সকাল ১১: ০০ ঘটিকা  
সভার স্থানঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভা কক্ষ  
(ডবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য।

আলোচনা:

সভাপতি, উপস্থিত এ বিভাগের কর্মকর্তা, সকল দপ্তর/সংস্থার প্রধান এবং প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য উপসচিব (প্রশাসন)-কে আহ্বান জানান। উপসচিব (প্রশাসন) সভায় বলেন যে, মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গত ১৪-০৮-২০১৮ তারিখে অনুষ্ঠিত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন করেছে। উল্লেখ্য, বিগত ২০১৭ সালে মহান বিজয় দিবস-২০১৭ উদযাপন উপলক্ষ্যে জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে যান্ত্রিক বহরে এ বিভাগ অংশগ্রহণ করেছিল। এ বছর মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে এ সংক্রান্ত কোন নির্দেশনা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পাওয়া যায়নি। তবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের সাথে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্র: ও বা:) মহোদয় কর্তৃক টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি জানান যে, এ বছর অর্থাৎ মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষ্যে জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে যান্ত্রিক বহর কার্যক্রমটি অনুষ্ঠিত হবে না। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে প্রণীত জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	তারিখ/সময়	কর্মসূচি	বাস্তবায়ন কারী দপ্তর/সংস্থা
০১।	১৬/১২/২০১৮ (সূর্যদয়ের সাথে সাথে)	(ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন।  (খ) এ বিভাগের আওতাধীন জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের দপ্তর/সংস্থা/প্রকল্পের কার্যালয়ে কর্মরত সকলকে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহে আবশ্যিকভাবে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল দপ্তর হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ; বিআরডিবি; সমবায় অধিদপ্তর; পিডিবিএফ; এসএফডিএফ; মিল্ক ভিটা; বিএসবিএল; জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন; একটি বাড়ি একটি খামার প্রকল্প; সিডিডিপি; বার্ড, কুমিল্লা; আরডিএ, বগুড়া এবং বাপার্ড, গোপালগঞ্জ।

৪

নং	তারিখ/সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা
০২।	১৬/১২/২০১৮ (সকাল ০৯: ঘটিকা)	সকাল ০৯: ০০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে আবশ্যিকভাবে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ; বিআরডিবি; সমবায় অধিদপ্তর; পিডিবিএফ; এসএফডিএফ; মিল্ক ভিটা; বিএসবিএল; জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন; একটি বাড়ি একটি খামার প্রকল্প এবং সিডিডিপি।
০৩।	১৬/১২/২০১৮ (সকাল ১০: ঘটিকা)	“সুখী সমৃদ্ধ বাংলাদেশ গঠনের লক্ষ্যে ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহার এবং মুক্তিযুদ্ধ” শীর্ষক আলোচনা সভা সমবায় অধিদপ্তরের অডিটরিয়ামে সকাল ১০: ০০ ঘটিকায় আয়োজন করতে হবে। উক্ত আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিআরডিবি'র মহাপরিচালক।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ; বিআরডিবি; সমবায় অধিদপ্তর; পিডিবিএফ; এসএফডিএফ; মিল্ক ভিটা; বিএসবিএল; জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন; একটি বাড়ি একটি খামার প্রকল্প এবং সিডিডিপি।
০৪।	১৬/১২/২০১৮	দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাংলাদেশ জেল দল, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, স্কাউটস্, রোভার স্কাউটস্, গার্লস গাইড এবং শিশু-কিশোর সংগঠন (যেখানে সম্ভব) কর্তৃক কর্তব্য কুচকাওয়াজ অনুষ্ঠানে আবশ্যিকভাবে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল দপ্তর হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	বিআরডিবি; সমবায় অধিদপ্তর; পিডিবিএফ; এসএফডিএফ; মিল্ক ভিটা; বিএসবিএল; জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন; একটি বাড়ি একটি খামার প্রকল্প এবং সিডিডিপি।
০৫।	১৬/১২/২০১৮	জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক স্ব-স্ব জেলা ও উপজেলায় বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানে আবশ্যিকভাবে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল দপ্তর হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	বিআরডিবি; সমবায় অধিদপ্তর; পিডিবিএফ; এসএফডিএফ; মিল্ক ভিটা; বিএসবিএল; জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন; একটি বাড়ি একটি খামার প্রকল্প এবং সিডিডিপি।
০৬।	১৬/১২/২০১৮	সন্ত্রাস, জঙ্ঘিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাহফেয়াত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনা আয়োজন করতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান।
০৭।	১৬/১২/২০১৮	বিবিধ: (ক) বর্ণিত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সকল দপ্তরের সাথে যোগাযোগপূর্বক সার্বিকভাবে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন। (খ) সমবায় অধিদপ্তরের অডিটরিয়ামে আয়োজিতব্য আলোচনা সভা এবং আপ্যায়নের ব্যয় নির্বাহের জন্য ঢাকায় অবস্থিত দপ্তর/সংস্থা আনুপাতিকহারে আর্থিক সহযোগিতা প্রদান করবেন। (গ) বর্ণিত কর্মসূচির পাশাপাশি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্যপূর্ণ রেখে অন্যান্য কর্মসূচি গ্রহণ করবেন।	(ক) অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) (খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন ঢাকায় অবস্থিত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান। (গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

✓ (মো: কামাল উদ্দিন তালুকদার)  
সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ